

শিক্ষক তথ্য ভান্ডার

আইডিয়ার নামঃ

উপজেলা শিক্ষক তথ্য ভান্ডার (এনড্রোইড মোবাইল এপস)

বাস্তবায়নকারীর নামঃ

মোঃ কাসেম আলী

সহকারী শিক্ষক

ঝাউকুটি সরকারী প্রাথমিক বিদ্যালয়

নাগেশ্বরী, কুড়িগ্রাম।

পাইলটিং এরিয়াঃ নাগেশ্বরী উপজেলা

ভুক্তভোগীঃ

- সংশ্লিষ্ট উপজেলা শিক্ষা অফিস,
- প্রাথমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক ও
- সহকারী শিক্ষকবৃন্দ।

ভুক্তভোগীর শতকরা হারঃ ১০০ ভাগ (যেহতু উপজেলার সকল শিক্ষকের তথ্য ডিজিটাইজেশন করা নাই, সেহতু উপজেলা শিক্ষা অফিস ও সকল শিক্ষক এর ভুক্তভোগী)

আইডিয়া বাস্তবায়নের আগেঃ

সমস্যাঃ

০১। উপজেলা শিক্ষা অফিসের ক্ষেত্রেঃ

- ১.১ উপজেলার সকল শিক্ষকদের তথ্য ডিজিটালভাবে সংরক্ষিত না থাকায় উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক তথ্য যথা সময়ে প্রেরণ সম্ভব হয় না। যথা সময়ে প্রেরণ করা সম্ভব হলেও চাহিদাকৃত তথ্য সংগ্রহে অধিক জনবল ও সময় ক্ষেপন হওয়ায় বিষয়টি অত্যন্ত ব্যয়বহুল ও সময়সাপেক্ষ।
- ১.২ প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের প্রোমোশনের নিমিত্তে জ্যেষ্ঠ শিক্ষকের তালিকা (গ্রেডেশন লিস্ট) তৈরিতে অধিক সময় ও জনবল ব্যয়।
- ১.৩ নতুন যোগদানকৃত শিক্ষকদের তথ্য, আগামী বছরগুলোতে অবসরগমনকারী শিক্ষকদের তথ্য সংগ্রহে অধিক জনবল ও সময়ের প্রয়োজন হয়।
- ১.৪ প্রশিক্ষিত শিক্ষকদের তথ্য ডাটাবেসে না থাকার ফলশ্রুতিতে দেখা যায় কোন শিক্ষক একাধিকবার প্রশিক্ষণ গ্রহন করলেও কোন শিক্ষক প্রশিক্ষণবিহীন থাকে।
- ১.৫ অনেক সময় মাঠ পর্যায়ে শিক্ষকদের নিকট তথ্য চাওয়ার কারণে শিক্ষকদের অফিসে আসার প্রয়োজন দেখা দেয়। সময় ও অর্থ ব্যয় হওয়ার কারণে বিদ্যালয়ে পাঠদান ব্যহত হয়।
- ১.৬ বিদ্যালয়ের ভৌত অবকাঠামো সম্পর্কিত তথ্যের জন্য সহকারী উপজেলা শিক্ষা অফিসারগণ সরেজমিনে যাওয়ার কারণে সময় ও যাতায়াত ব্যয় বৃদ্ধি পায়।

০২। শিক্ষকদের ক্ষেত্রেঃ

- ২.১. উপজেলার সকল শিক্ষকদের ফোন, ইমেল, সামাজিক যোগাযোগ (ফেসবুক) আইডি একত্রে না পাওয়ার কারণে শিক্ষকদের মাঝে পারস্পারিক যোগাযোগ করা সম্ভবপর হয় না।
 - ১.২.১ যার ফলে শিক্ষকদের মাঝে সৃজনশীল আইডিয়া,
 - ১.২.২ শিক্ষা সহায়ক দিক নির্দেশনা,
 - ১.২.৩ শিক্ষা সম্পর্কিত নতুন নীতিমালা পারস্পারিক আদান প্রদান করা যায় না।
- ২.২. ফেসবুক আইডি দিয়ে উপজেলা শিক্ষক গ্রুপ করে সকলে নিজস্ব মতামত আদান প্রদানে সহজতর হবে।

০৩। শিক্ষকদের শিক্ষাক্রম সম্পর্কে ধারণাঃ

- ৩.১ প্রাথমিক শিক্ষাক্রম সংক্রান্ত তথ্য সম্পর্কে সাধারণ শিক্ষকদের স্বচ্ছ ধারণার অভাব। বিশেষ করে
 - ৩.১.১ প্রাথমিক শিক্ষার লক্ষ্য,
 - ৩.১.২ প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য,
 - ৩.১.৩ প্রাথমিক শিক্ষার প্রান্তিক যোগ্যতা,

৩.১.৪ বিষয়ভিত্তিক মোট প্রান্তিক যোগ্যতার,

৩.১.৫ বিষয়ভিত্তিক মোট শিখন ফল,

৩.১.৬ শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা এই বিষয় সমূহ স্বচ্ছ ধারণার অভাব।

৩.২ এই বিষয়সমূহ সকল শিক্ষকের জানা আবশ্যিকিয় কর্তব্য।

আইডিয়া বাস্তবায়নের পরেঃ

০১। উপজেলা শিক্ষা অফিসের সুবিধাঃ

১.১ শিক্ষক তথ্য ভান্ডার এই মোবাইল এপস আইডিয়াটি বাস্তবায়িত হলে উপজেলা সকল শিক্ষকের তথ্য এই এপসে সংরক্ষিত থাকবে। উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা মোতাবেক অতি সহজেই

১.১.১ নতুন যোগদানকৃত শিক্ষকদের তথ্য

১.১.২ প্রশিক্ষিত শিক্ষকদের তথ্য

১.১.৩ প্রধান শিক্ষক ও সহকারী শিক্ষকদের জ্যেষ্ঠতা (গ্রেডেশন লিস্ট) তালিকা

১.১.৪ বদলীকৃত শিক্ষকদের তথ্য এবং

১.১.৫ অবসরগমনকারী শিক্ষকদের তথ্য স্বল্প সময়ে ও কম জনবল খরচে পাওয়া যাবে।

১.২ এই এপসটিতে বিদ্যালয়ের ভৌত অবকাঠামোর তথ্য থাকায় সহজে তথ্য উর্ধ্বতন কর্তৃপক্ষের চাহিদা অনুযায়ী প্রেরণ করতে পারবে। বারবার সরেজমিনে পরিদর্শন না করার ফলে জনবল, সময় ও সংশ্লিষ্ট স্কুল যাতায়াতের ব্যয় হ্রাস পাবে।

১.৩ এই এপসে শিক্ষক প্রশিক্ষণের তথ্য থাকায় সকল শিক্ষক নির্দিষ্ট সময়ে প্রশিক্ষণ গ্রহণের সুযোগ পাবে। কোন শিক্ষক প্রশিক্ষণবিহীন থাকবে না।

১.৪ এতে সার্ভিস বই থেকে তথ্য সংগ্রহে জনবল ও সময় খরচ উভয় কমে যাবে।

১.৫ সামগ্রিকভাবে এই এপসের মাধ্যমে উপজেলা শিক্ষা অফিসে দ্রুত সিদ্ধান্ত বাস্তবায়ন সম্ভবপর হবে।

০২। শিক্ষকদের সুবিধাঃ

২.১ এই এপসে সকল শিক্ষকের বর্তমান ঠিকানা, স্থায়ী ঠিকানা, যোগদানের তারিখ, সংশ্লিষ্ট স্কুলে যোগদানের তারিখ, বদলীর তারিখ, প্রশিক্ষণ গ্রহণের তারিখ, মোবাইল নম্বর, ইমেইল এড্রেস, ফেসবুক আইডি থাকার কারণে শিক্ষকদের পারস্পারিক যোগাযোগ বৃদ্ধি পাবে।

২.২ উপজেলার সকল শিক্ষক ফেসবুক গ্রুপে থাকার ফলে শিক্ষকদের সৃজনশীল আইডিয়া, নতুন নীতিমালা, উর্ধ্বতন কর্তৃপক্ষে দিক নির্দেশনা সকলে পাবে।

২.৩ এই এপসে শিক্ষকদের মোবাইল নম্বরে ক্লিক করলে মোবাইলে কল যাবে, ইমেইলে ক্লিক করলে ইমেইল যাবে, ফেসবুকে ক্লিক করলে ফেসবুক আইডিতে যাবে।

২.৪ এভাবে এই এপসের মাধ্যমে শিক্ষকেরা দ্বিমুখী ব্যবস্থায় যোগাযোগ করতে পারবে।

০৩। শিক্ষাক্রম সংক্রান্ত সুবিধাঃ

৩.১ এই এপসটিতে শিক্ষাক্রম সংক্রান্ত তথ্য যথা

- ৩.১.১ প্রাথমিক শিক্ষার লক্ষ্য,
- ৩.১.২ প্রাথমিক শিক্ষার উদ্দেশ্য,
- ৩.১.৩ প্রাথমিক শিক্ষার প্রান্তিক যোগ্যতা,
- ৩.১.৪ বিষয়ভিত্তিক মোট প্রান্তিক যোগ্যতার,
- ৩.১.৫ বিষয়ভিত্তিক মোট শিখন ফল,
- ৩.১.৬ শ্রেণিভিত্তিক অর্জন উপযোগী যোগ্যতা থাকবে।

৩.২ যার ফলে একজন শিক্ষক সহজেই শিক্ষাক্রম সংক্রান্ত তথ্য সমূহ আয়ত্ত্ব করবে পারবে। এর ফলে শিক্ষকেরা পাঠদানে কার্যকরী ভূমিকা পালন করবে।

ব্যয়ঃ ১,০০,০০০/- (একলক্ষ টাকা) আনুমানিক

এপস তৈরি- ৪০,০০০/-

শিক্ষক তথ্য এন্টি (১২০০ শিক্ষক) ২৪,০০০/-

শিক্ষক তথ্য সংগ্রহ ১২,০০০/-

যাতায়াত- ১২,০০০/-

বিশেষজ্ঞ কমিটি -৫,০০০/-

মনিটরিং- ৫,০০০/-

অন্যান্য- ২,০০০/-

ফান্ডের উৎসঃ ইনোভেশন সেল, প্রাথমিক শিক্ষা অধিদপ্তর, সেকশন-২, ঢাকা-১২১৬।

আইডিয়াটির পর্যায়ঃ আইডিয়াটি বর্তমানে ধারণা পর্যায়ে আছে। এম,এস ওয়ার্ডে একটি ডেমো তৈরি আছে।

বাস্তবায়নের সময়ঃ ৬ মাস (আনুমানিক)